

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নং .০০.০০০০.১২৩.১৪.০১৩.১৫-১১৪

তারিখ: ০৭ জৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

প্রেরক: মোহাম্মদ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।


বিষয়: “মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায়” শীর্ষক প্রকল্প (কোড নং ৫০৩৩) বাস্তবায়নের জন্য অগ্রিম উত্তোলনে অনুমোদন।

সূত্র: ০৭.০০.০০০০.১০২.০২০.০২৬.২০১৪-২৩৬, তারিখ: ১৮/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের (কোড নং ৫০৩৩) অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত ১৩০০০.০০ লক্ষ (একশত ত্রিশ কোটি) টাকার মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি খাতে ছাড়কৃত ১২১৯৬.৩৫ লক্ষ টাকা হতে উপবৃত্তি ও টিউশন ফি প্রদানের লক্ষ্যে “৫-২৫৩১-৫০৩৩-৫৯৬৩-উপবৃত্তি ও টিউশন ফি” খাতে প্রস্তাবিত ১১৬০০.০০ লক্ষ (একশত ষোল কোটি) টাকা অগ্রিম উত্তোলনের প্রস্তাবে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সুপারিশ এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

০২। শর্তসমূহ:

- ক. এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের ২০১৬-২০১৭ উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ২১, শিক্ষা মন্ত্রণালয় হিসাবের খাত ২৫/২৫৩১/৫০৩৩ শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় “উচ্চ মাধ্যমিক উপবৃত্তি” শীর্ষক প্রকল্পের ‘সাহায্য ও মঞ্জুরি খাতে’ (কোড নং ৫৯৬৩) খাত হতে বহন করা হবে;
- খ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. অগ্রিম উত্তোলিত অর্থ পরবর্তী উত্তোলনের প্রস্তাব প্রেরণের পূর্বে অথবা ৩০শে জুন ২০১৭ তারিখের মধ্যে বিল/ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে ;
- ঘ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ০৩। অর্থ বিভাগের ১৮/০৫/২০১৭ খ্রিস্টাব্দের অফিস স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০২৬.২০১৪-২৩৬ এ প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ রফিকুর ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬১৪

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।